LIBERTY JUSTICE EQUALITY


CENTRE FOR PROTECTION OF DEMOCRATIC RIGHTS AND SECULARISM
(CPDRS)
WEST BENGAL STATE COMMITTEE
Office: 77/2, Lenin Sarani, Kolkata- 700 013
Mob: 9883717575, 8420094883 Email: cpdrs.india@gmail.com


***অনশনরত সোনম ওয়াংচুককে জোরপূর্বক আন্দোলন স্থল থেকে তুলে নিয়ে যাওয়ার বিরুদ্ধে এবং তাঁর আন্দোলনের প্রতি সংহতি জ্ঞাপন কর্মসূচীতে পুলিশ প্রশাসন ও সমাজবিরোধীদের আক্রমণের প্রতিবাদে মানবাধিকার সংগঠন সিপিডিআরএস পশ্চিমবঙ্গ রাজ্য কমিটির সম্পাদক রাজকুমার বসাক আজ (১৯.০৭.২০২৬) এক বিবৃতিতে বলেন,***

"বারংবার প্রশ্ন ফাঁস ও এর ফলশ্রুতিতে পড়ুয়া আত্মহত্যার ঘটনায় দেশের শুভবুদ্ধিসম্পন্ন মানুষ অত্যন্ত উদ্বিগ্ন। স্বাভাবিক ভাবেই বিভিন্ন মহল থেকে যথার্থভাবেই কেন্দ্রীয় শিক্ষামন্ত্রীর পদত্যাগের দাবী উঠেছে। এই দাবীতে বিগত কয়েকদিন যাবৎ দিল্লির যন্তরমন্তরে বিশিষ্ট শিক্ষাবিদ তথা সমাজকর্মী সোনম ওয়াংচুক অনশন শুরু করেন। কেন্দ্রীয় শিক্ষামন্ত্রীর পদত্যাগ তো দূরের কথা কেন্দ্রীয় সরকার ও সরকারের প্রতিনিধিরা এক্ষেত্রে আলোচনার বিষয়েও উদাসীন।

এ অবস্থায় আমরা দেখলাম শুক্রবার রাতে হঠাৎ করেই বিশাল পুলিশ ও মিলিটারি বাহিনী নামিয়ে সরকার জোরপূর্বক অনশনরত সোনম ওয়াংচুককে আন্দোলন স্থল থেকে তুলে নিয়ে যায়। এই ঘটনার পরিপ্রেক্ষিতে শনিবার পশ্চিমবঙ্গের বিভিন্ন স্থানে ছাত্র জনতা সহ সর্বস্তরের শুভবুদ্ধিসম্পন্ন মানুষ গণতান্ত্রিক উপায়ে প্রতীকি অনশন, প্রতিবাদ কর্মসূচী সংগঠিত করে। কিন্তু আমারা অত্যন্ত উদ্বেগের সাথে লক্ষ্য করলাম বিশ্বভারতী, মুর্শিদাবাদ সহ বিভিন্ন জায়গায় পুলিশ প্রশাসন ও তথাকথিত রাষ্ট্রবাদী বলে দাবীদার একদল গুন্ডা আন্দোলনকারীদের উপর আক্রমণ করে। মানবাধিকার সংগঠন সিপিডিআরএস পশ্চিমবঙ্গ রাজ্য কমিটির পক্ষ থেকে আমরা এই ঘটনার তীব্র নিন্দা জানাই।

আমরা মনে করি এই আক্রমণ কোন বিচ্ছিন্ন ঘটনা নয়। এধরনের ঘটনা আসলে স্বৈরাচারী ও ফ্যাসিবাদী শাসনের একটি অঙ্গ, যা পশ্চিমবঙ্গের গণতান্ত্রিক ঐতিহ্যের সম্পূর্ণ পরিপন্থী। আমরা মানবাধিকার সংগঠন সিপিডিআরএস পশ্চিমবঙ্গ রাজ্য কমিটির পক্ষ থেকে সর্বস্তরের জনসাধারণের উদ্দেশ্যে গণতান্ত্রিক অধিকার রক্ষায় এগিয়ে আসার আহ্বান জানাচ্ছি। পাশাপাশি কেন্দ্রীয় শিক্ষামন্ত্রীর পদত্যাগের দাবিতে এবং পশ্চিমবঙ্গের বিভিন্ন স্থানে প্রতিবাদ কর্মসূচীতে আক্রমণকারীদের শাস্তির দাবি জানাচ্ছি ।"

CPDRS West Bengal